



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং -৭০/২০১৭

তারিখ : ২৫/০২/১৪২৪ বঙ্গাব্দ
০৮/০৬/২০১৭ খ্রিস্টাব্দ

সোনালী ব্যাংক লিমিটেড এ 'সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, আর্কিটেক্ট এবং ইলেক্ট্রিক্যাল)
পদে নিয়োগের উদ্দেশ্যে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আবেদনের সমর্থনে দলিলাদি প্রেরণ প্রসঙ্গে।

সোনালী ব্যাংক লিমিটেড এ 'সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, আর্কিটেক্ট এবং ইলেক্ট্রিক্যাল) পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ নিম্নোক্ত ছকে উল্লিখিত রোল নম্বরধারী প্রার্থীগণকে তাদের অনলাইন আবেদনের প্রেক্ষিতে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত দলিলাদি আগামী ২২/০৬/২০১৭ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক ও সদস্য-সচিব, ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বরাবরে নিজ স্বাক্ষরসহ স্বহস্তে লিখিত আবেদনপত্র ডাকযোগে বা হাতে হাতে দাখিলের জন্য অনুরোধ জানানো যাচ্ছে :

- সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, মার্কশিট/Transcript এর সত্যায়িত ফটোকপি; 'O' Level/'A' Level উত্তীর্ণদের ক্ষেত্রে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্তদের ক্ষেত্রে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এর সত্যায়িত ফটোকপি (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ);
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি এবং অনলাইন আবেদনের হার্ডকপি;
- যে সকল সনদপত্র, মার্কশিট/ট্রান্সক্রিপ্ট এ পরীক্ষার ফল প্রকাশের তারিখ উল্লেখ নেই, সে সকল পরীক্ষার ফল প্রকাশের তারিখ উল্লেখসহ পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার এর কার্যালয় হতে ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
- আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
- জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
- মুক্তিযোদ্ধা কোটাভুক্ত প্রার্থীদেরকে নিম্নোক্ত ছক অনুযায়ী তথ্যাদি এবং এর সমর্থনে প্রমাণক দলিলাদির কপি অবশ্যই দাখিল করতে হবে :

মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ	মুক্তিবার্তা নম্বর	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	বামুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নাতি নাতনীর দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা মাতার জাতীয় পরিচয়পত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক	মন্তব্য/ভারতীয় তালিকায় যদি থাকে নম্বর ও কপি
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

- উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে উপজাতি হিসেবে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং
 - প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর হতে প্রতিবন্ধিতার স্বপক্ষে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- বিঃ দ্রঃ চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে উপরোক্ত দলিলাদি প্রেরণ করতে হবে। আবেদনপত্র ও সকল কাগজপত্র A4 সাইজের কাগজে হতে হবে। খামের উপরে পদের নাম ও সকল কাগজপত্রের উপর Tracking Number ও রোল নম্বর লিখতে হবে।

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের রোল নম্বর :

পদের নাম	রোল নম্বর
সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)	১৪০২, ১৪৪২, ১৭১৭, ২১০৫, ২৪১৮, ২৬৩২, ২৭৬১, ২৯৮৭, ৩৫৮৩, ৪৯৫৪, ৫০৫৫, ৫৬৯৪, ৫৯৬০, ৬০৬৬, ৬১২১, ৬৩২০, ৬৬০৮, ৬৮৪৭, ৬৮৫৯ =১৯(উনিশ)জন।
সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)	০৪১৮৯, ০৪৫৩৮, ০৪৬৫১, ০৪৭৫৯, ০৪৯৪০, ০৫৩০৪, ০৫৬০৭, ০৫৮৫২, ০৬০০০, ০৬১৭২, ০৬৪৪৮, ০৬৫০৩=১২(বার) জন।
সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (আর্কিটেক্ট)	০২০১২, ০২০৮১, ০২৩৯৯, ০২৪১৮, ০২৬৮৮, ০৩০৬০=০৬(ছয়) জন।
সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)	০৮০৪১, ০৮০৯৩, ০৮১৮৪, ০৮৫২০, ০৯৩১১, ০৯৭২৩, ০৯৭৭৮, ১১২৫৭, ১১৩৪৬, ১১৯৫৬, ১২৩৪৩=১১(এগার) জন।

স্বাক্ষরিত/=

(মোঃ মোশাররফ হোসেন খান)
মহাব্যবস্থাপক, বিএসসিএস
ও
সদস্য-সচিব, বিএসসি